

আংশিক নয় পুরো মত

কালের কন্ঠ



শুরু হচ্ছে বাংলাদেশ ফিজিক্স অলিম্পিয়াড

টেক প্রতিদিন ডেস্ক

শিক্ষার্থীদের বিজ্ঞানচর্চা বৃদ্ধির লক্ষ্যে দ্বিতীয়বারের মতো বাংলাদেশ ফিজিক্স অলিম্পিয়াড-২০১২ প্রতিযোগিতার আয়োজন করেছে বাংলাদেশ পদার্থবিজ্ঞান অলিম্পিয়াড কমিটি। প্রথমবারের মতো দেশের সাতটি বিভাগে এই অলিম্পিয়াডের আয়োজন করা হচ্ছে। আগামী জানুয়ারি মাসে বিভাগীয় পর্যায়ে এবং বিজয়ীদের নিয়ে ফেব্রুয়ারিতে নর্থ সাউথ ইউনিভার্সিটিতে জাতীয় পর্যায়ের অলিম্পিয়াড অনুষ্ঠিত হবে। বিজয়ী পাঁচজন শিক্ষার্থী জুলাই মাসে এন্তোনীয়ান ইন্টারন্যাশনাল ফিজিক্স অলিম্পিয়াড-এ অংশগ্রহণের সুযোগ পাবেন। গুরুবীর জাতীয় প্রেসক্রাবে আয়োজিত এক সংবাদ সম্মেলনে এ তথ্য জানানো হয়। বক্তব্য দেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের পদার্থবিদ্যা বিভাগের অধ্যাপক ও বাংলাদেশ ফিজিক্স অলিম্পিয়াড কমিটির সভাপতি ড. খোরশেদ আহমেদ কবির, শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের কম্পিউটার বিজ্ঞান বিভাগের অধ্যাপক ও ফিজিক্স অলিম্পিয়াডের সহসভাপতি ড. মুহম্মদ জাফর ইকবাল। সংবাদ সম্মেলনে জানানো হয় সারা দেশের স্কুল, কলেজ ও প্রাক-বিশ্ববিদ্যালয় পর্যায়ের শিক্ষার্থীরা এসএমএসের মাধ্যমে রেজিস্ট্রেশন করে ফিজিক্স অলিম্পিয়াডে অংশ নিতে পারবেন। বিস্তারিত জানা যাবে www.bdpho.org ওয়েবসাইটে।

Print

সম্পাদকমণ্ডলীর সভাপতি : মোস্তফা কামাল মহীউদ্দীন, ভারপ্রাপ্ত সম্পাদক : ইমদাদুল হক মিলন, ইস্ট ওয়েস্ট মিডিয়া গ্রুপ লিমিটেডের পক্ষে মোস্তফা কামাল মহীউদ্দীন কর্তৃক বসুন্ধরা সিটি, ১৩/ক/১ পাছপথ থেকে প্রকাশিত এবং পুট-সি/৮৩, ব্লক-কে বসুন্ধরা, খিলক্ষেত, বাড্ডা, ঢাকা থেকে মুদ্রিত।

বার্তা ও সম্পাদকীয় বিভাগ : বসুন্ধরা আবাসিক এলাকা, পুট-৩৭১/এ, ব্লক-ডি, বারিধারা, ঢাকা-১২২৯। পিএবিএস : ০২৮৪০২৩৭২-৭৫, ফ্যাক্স : ৮৪০২৩৬৮-৯, বিজ্ঞাপন ফোন : ৮১৫৮০১২, বিজ্ঞাপন ফ্যাক্স : ৮১৫৮৮৬২।

E-mail : info@kalerkantho.com